

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রাণিসম্পদ-৩ অধিশাখা
www.mofl.gov.bd

নম্বর-৩৩.০০.০০০০.১১৯.১৩.০০৬.২৩-৪৬

তারিখ: ১৮ মাঘ ১৪৩০
০১ ফেব্রুয়ারি ২০২৪

প্রাপকঃ জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, বগুড়া।

বিষয়ঃ ডাঃ খোন্দকার মোঃ বজলুর রহমান (গ্রেডেশন নং-৯৯০), পি.আর.এল ভোগরত ভেটেরিনারি অফিসার, জেলা ভেটেরিনারি হাসপাতাল, বগুড়া-এর অনুকূলে পেনশন ও আনুতোষিক মঞ্জুরি।

সূত্রঃ প্রাণিসম্পদ অধিদপ্তরের স্মারক নং-৩৩.০১.০০০০.১০১.১৩.০৯৪.১৭-১২৩, তারিখ: ২১/০১/২০২৪ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে ডাঃ খোন্দকার মোঃ বজলুর রহমান (গ্রেডেশন নং-৯৯০), পি.আর.এল ভোগরত ভেটেরিনারি অফিসার, জেলা ভেটেরিনারি হাসপাতাল, বগুড়া-এর অনুকূলে আনুতোষিক বাবদ মোট প্রাপ্য ৬৭,৯৬,০৪০/- (সাতষট্টি লক্ষ ছিয়ানব্বই হাজার চল্লিশ) টাকা এবং মাসিক পূর্ণ পেনশন বাবদ ২৯,৫৪৮/- (উনত্রিশ হাজার পাঁচশত আটচল্লিশ) টাকা মাত্র নির্দেশক্রমে মঞ্জুরি জ্ঞাপন করা হলো।

২। সূত্রস্থ পত্রের তথ্যানুযায়ী তাঁর নিকট সরকারের কোনরূপ পাওনা বা অডিট আপত্তি নেই। আবেদনকারীর প্রদত্ত অঙ্গীকারনামা এবং পেনশন ফরম ২.১ এর ক্রমিক নং-৫ অনুযায়ী, তিনি বিধি মোতাবেক যে পরিমান অর্থ পেনশন ও আনুতোষিক হিসেবে প্রাপ্য তার চেয়ে বেশি পরিমাণে অবসর ভাতা/আনুতোষিক প্রদান করা হলে বা তার নিকট ভবিষ্যতে সরকারের কোনো পাওনা/আদায়যোগ্য অর্থের বিষয় গোচরীভূত/সংশ্লিষ্টতা পরিলক্ষিত হলে, তিনি বা তার উত্তরাধিকারী/উত্তরাধিকারীগণ ফেরৎ/পরিশোধ করতে বাধ্য থাকবেন।

৩। বর্ণিত কর্মকর্তার পেনশন ও আনুতোষিক সংশ্লিষ্ট ছকে বর্ণিত কাগজপত্রাদি পরবর্তী প্রয়োজনীয় কার্যার্থে এতদসঙ্গে প্রেরণ করা হলো। এ সংক্রান্ত পেনশন পরিশোধ আদেশ (পি.পি.ও) জারি করে এ মন্ত্রণালয়কে অবহিত করার জন্যও অনুরোধ করা হলো।

ক্রঃ নং	বিবরণ	সংখ্যা
১.	পূরণকৃত পেনশন ফরম (মূলকপি)	১ কপি
২.	চাকরির বিবরণী-	১ পাতা
৩.	পি.আর.এল-এ গমনের মঞ্জুরিপত্র	১ পাতা
৪.	প্রত্যাশিত শেষ বেতন সনদ (ইএলপিসি)	২ পাতা
৫.	পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি	১ কপি
৬.	জাতীয় পরিচয়পত্রের কপি	১ পাতা
৭.	প্রাপ্তব্য পেনশনের বৈধ উত্তরাধিকার ঘোষণাপত্র (মূলকপি)	১ পাতা
৮.	নমুনা স্বাক্ষর ও পাঁচ আঙ্গুলের ছাপ (মূলকপি)	১ পাতা
৯.	আনুগত্য সনদপত্র ও অঙ্গীকারনামা	২ পাতা
১০.	বিভাগীয় না-দাবী প্রত্যয়নপত্র	১ কপি
১১.	কর্মকর্তার কর্মকালীন অডিট আপত্তি নিষ্পত্তি সম্পর্কে ৭ কলাম বিশিষ্ট নিরীক্ষা সংক্রান্ত প্রত্যয়নপত্র	১ কপি
১২.	বিভিন্ন কর্মস্থলের ১৭ কলাম বিশিষ্ট নিরীক্ষা সংক্রান্ত তথ্যাদি ও না-দাবী এবং বিভাগীয় মামলা সংক্রান্ত প্রত্যয়নপত্র	১৯ পাতা
১৩.	চাকরি বৃত্তান্ত সংক্রান্ত অন্যান্য কাগজপত্রাদি (২০১৫ এর পে ফিক্সেশনের কপিসহ)	১৮ পাতা

সংযুক্তিঃ বর্ণনা অনুযায়ী ৫২ (বায়ান) ফর্দ।

স্বাঃ
(শেখ কামরুল হাসান)
উপসচিব
ফোন: ২২২৩৩৫৬৬৯৮
E-mail: livestock-3@mofl.gov.bd

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য-

নম্বর- ৩৩.০০.০০০০.১১৯.১৩.০০৬.২৩-৪৬/১(৮)

তারিখ: ১৮ মাঘ ১৪৩০
০১ ফেব্রুয়ারি ২০২৪

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

১. মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা।
২. ডাঃ খন্দকার মোঃ বজলুর রহমান (গ্রেডেশন নং-৯৯০), পি.আর.এল ভোগরত ভেটেরিনারি অফিসার, জেলা ভেটেরিনারি হাসপাতাল, বগুড়া; **স্থায়ী ও বর্তমান ঠিকানা-** গ্রাম-নিমাইদিঘী, ডাকঘর-দেওগ্রাম, ইউপি-খালতামাজগ্রাম, উপজেলা-নন্দীগ্রাম, জেলা-বগুড়া।
৩. সচিবের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৫. অতিরিক্ত সচিব (প্রাণিসম্পদ) এর ব্যক্তিগত কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(স্বাক্ষর)
০১.০২.২৪

(শেখ কামরুল হাসান)
উপসচিব